



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩

তারিখ: ০৯ জানুয়ারি, ২০২০

প্রেসবিজ্ঞপ্তি

আজ ০৯ জানুয়ারি, ২০২০ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেটে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ভাইস চ্যান্সেলর অ্যাওয়ার্ড বিতরণ অনুষ্ঠান সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের মিনি অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়। এতে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

সভাপতির বক্তব্যে তিনি বলেন, আজ আপনারা যারা ভাইস চ্যান্সেলর অ্যাওয়ার্ড প্রাপ্ত হলেন তাঁদের এ বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা রইল। আপনাদের অনেক পরিশ্রম এবং মেধার বিনিময়ে অর্জিত এ পদক ভবিষ্যতে দেশ ও জাতির কল্যাণে কাজে লাগে সেই লক্ষ্যে আপনাদের কাজ করে যেতে হবে।

তিনি আরো বলেন, দীর্ঘ সময়ের পর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে তৃতীয় সমাবর্তন ২০২০ অনুষ্ঠিত হয়েছে। আমি দায়িত্ব নেয়ার পর থেকেই বিশ্ববিদ্যালয়কে সর্বদিক থেকে সচল করতে আন্তরিকভাবে কাজ করে যাচ্ছি। এ বছরের শেষ দিকে আরেকটি সমাবর্তন আয়োজনের পরিকল্পনা রয়েছে। আপনাদের সকলের সহযোগিতা পেলে এ বছর ডিসেম্বরে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের চতুর্থ সমাবর্তন আয়োজন করা সম্ভব হবে বলে বিশ্বাস করি। তৃতীয় সমাবর্তন ২০২০ আয়োজনের দিনে আমাদের আরেকটি অর্জন ইতোমধ্যে “শ্রেষ্ঠ ডিজিটাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস” পদকে আমরা ঘোষিত হয়েছি। এটা আমাদের জন্য অন্যতম একটি বড় মাইলফলক।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ আনোয়ারুল ইসলাম। শুভেচ্ছা বক্তব্য রাখেন পুরস্কার ও পদক প্রদান উপ কমিটির আহবায়ক প্রফেসর ড. মোঃ ইলিয়াস উদ্দীন বিশ্বাস।

এ সময় অন্যান্যদের মধ্যে স্কুল অব ফিজিক্যাল সায়েন্সেস অনুষদের ডিন প্রফেসর ড. মোঃ সাজেদুল করিম, স্কুল অব লাইফ সায়েন্সেস অনুষদের ডিন প্রফেসর ড. এস এম আবু সায়েম, স্কুল অব এগ্রিকালচার এন্ড মিনারেল সায়েন্সেস অনুষদের ডিন প্রফেসর ড. মোহাম্মদ বেলাল উদ্দিন, স্কুল অব এপণ্টাইড সায়েন্সেস এন্ড টেকনোলজি অনুষদের ডিন প্রফেসর ড. মুশতাক আহমদ, স্কুল অব সোশ্যাল সায়েন্সেস অনুষদের ডিন প্রফেসর ড. মোঃ ফয়সল আহম্মদ এবং স্কুল অব ম্যানেজমেন্ট এন্ড বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন অনুষদের ডিন প্রফেসর ড. মোঃ মনিরুল ইসলাম উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান সঞ্চালনা করেন রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন।

উল্লেখ্য, তৃতীয় সমাবর্তন ২০২০ উপলক্ষ্যে ২০০১-২০০২ সেশন থেকে ২০১০-২০১১ সেশন পর্যন্ত অনার্স এবং মাস্টার্স পর্যায়ের মোট ৮৮ জন শিক্ষার্থীকে ভাইস চ্যান্সেলর অ্যাওয়ার্ডে ঘোষিত করা হয়।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার